



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১২২২৮০১/রংপুর-১২৬/ ১১৮০

তারিখ: ১৯.০৮.২০২০খ্রি.

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে


সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১২২২৮০১/রংপুর-১২৬/১১১২/৪; তারিখ: ১৪.১০.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন মৌলভীবাজার আরাজি নিয়ামত আলিম মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে সাবেক সভাপতি জনাব মো: মতিয়ার রহমান একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-মাদ্রাসাটি আলিম স্তরের হওয়ায় নিয়মিত গভার্ণিং বডি গঠন না করে কিছু কুচক্রী মহলের যোগসাজসে অধ্যক্ষ কর্তৃক অসং উদ্দেশ্য হাসিলের নিমিত্ত আলিম মাদ্রাসাকে দাখিল মাদ্রাসা দেখিয়ে বোর্ড হতে ম্যানেজিং কমিটি অনুমোদন নেয়া হয়েছে। দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটি আলিম শ্রেণির পাঠদান অনুমতিপ্রাপ্ত। বিদ্যমান বিধি মোতাবেক অনুমতি প্রাপ্ত কিন্তু একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত নয় এরূপ মাদ্রাসায় নির্বাহী কমিটি গঠন করতে হবে। এক্ষেত্রে মাদ্রাসার অধ্যক্ষ আলিম ১ম বর্ষ খোলার অনুমতিপত্র গোপন করে দাখিল স্তরের একাডেমিক স্বীকৃতির কাগজপত্র দাখিল করে ম্যানেজিং কমিটির অনুমোদন নিয়েছেন, যা বোর্ডের সাথে প্রতারণার সামিল।

এধরণের প্রতারণা করে কেন ম্যানেজিং কমিটি অনুমোদন নেয়া হয়েছে সে বিষয়ে সঠিক ব্যাখ্যা দাখিল করার জন্য বিগত ২৬/০৮/২০১৯ খ্রি. তারিখে মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে এবং পরবর্তীতে সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হলেও অধ্যক্ষ কর্তৃক অদ্যাবধি কোন জবাব প্রেরণ করেননি, যা বোর্ডের আদেশ অমান্য করার সামিল বটে।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার অধ্যক্ষ বোর্ডের সাথে প্রতারণা ও বোর্ডের আদেশ অমান্য করায় সংশ্লিষ্ট দপ্তরে তাঁর এমপিও বাতিলের জন্য সুপারিশসহ বিধি মোতাবেক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


যথাযথ কর্তৃপক্ষে অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: অধ্যক্ষ, মৌলভীবাজার আরাজি নিয়ামত আলিম মাদ্রাসা
ডাকঘর: বুড়িরহাট ফার্ম, উপজেলা: গংগাচড়া, জেলা: রংপুর;



১৯/০৮/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১২২২৮০১/রংপুর-১২৬/ ১১৮০

তারিখ: ১৯.০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গংগাচড়া, রংপুর;
৪. সভাপতি, মৌলভীবাজার আরাজি নিয়ামত আলিম মাদ্রাসা, ডাকঘর: বুড়িরহাট ফার্ম, উপজেলা: গংগাচড়া, জেলা: রংপুর;
৫. জনাব মোঃ মতিয়ার রহমান (অভিযোগকারী), গ্রাম: নবনীদাস (আলালপাড়া), ডাকঘর: গংগাচড়া, গংগাচড়া, রংপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা


১৯/০৮/২০২০